

Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 09 May, 2025

পাল্টাপাল্টি হামলার জেরে গতকাল বৃহস্পতিবার আইপিএল ও পিএসএলের একটি করে ম্যাচ স্থগিত হয়েছিল। এ ঘটনার পরপরই পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি) সিদ্ধান্ত নেয়, ক্রিকেটারদের নিরাপত্তার কথা ভেবে তারা পিএসএল মধ্যপ্রাচ্যের দেশ আরব আমিরাতে সরিয়ে নেবে। অন্যদিকে ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিআই) আজ শুক্রবার চলমান আইপিলের চলতি আসর এক সপ্তাহের জন্য স্থগিত রাখার ঘোষণা দেয়।

ক্রিকেটভক্তদের মনে প্রশ্ন, পাকিস্তান পিএসএল আরব আমিরাতে সরিয়ে নিলেও ভারত কেন আইপিএল অন্য নিরাপদ দেশে সরিয়ে নেয়নি? তারা কি সরিয়ে নেওয়ার চেষ্টা করেনি?

না, বিষয়টি এমন নয়। ভারতও আইপিএল সরিয়ে নেওয়ার চেষ্টা করেছে। তারাও আরব আমিরাতকে নিরাপদ ভেন্যু মনে করেছে। এমনকি আরব আমিরাতে ক্রিকেট বোর্ডকে (ইসিবি) টুর্নামেন্টের বাকি ১৬ ম্যাচ আয়োজনের জন্য অনুরোধও জানিয়েছে বিসিআই। তবে ইসিবি ভারতকে খালি হাতে ফিরিয়ে দিয়েছে। এই খবর জানিয়েছে পাকিস্তানের সংবাদমাধ্যম 'জিও সুপার'।

জিও সুপার এক প্রতিবেদনে বলেছে, আরব আমিরাতে আইপিএলের বাকি ম্যাচগুলো দুবাইয়ে আয়োজনের প্রস্তাব প্রত্যাখ্যান করেছে। কারণ, পিসিবির সঙ্গে তাদের পূর্বনির্ধারিত চুক্তি ছিল।

জিও সুপারের নিজস্ব সূত্রমতে, বিসিআইয়ের অনুরোধের পর ইসিবি জানায়, পিএসএলের বাকি ৮ ম্যাচের জন্য তারা দুবাই ইন্টারন্যাশনাল স্টেডিয়াম সংরক্ষিত রেখেছে। এই মুহূর্তে সেই

প্রতিজ্ঞা থেকে সরে আসার কোনো সুযোগ নেই। অর্থাৎ একই সময়ে দুই ভিন্ন দেশের ফ্র্যাঞ্জাইজি টুর্নামেন্ট আয়োজন সম্ভব নয়।

এদিকে বিসিসিআই আগামী সেপ্টেম্বরে আইপিএলের বাকি ম্যাচগুলো আয়োজনের সম্ভাব্য সময় খুঁজছে। তবে ভারতীয় সংবাদমাধ্যমগুলো বলছে, সেপ্টেম্বরে চলতি বছরের এশিয়া কাপ অনুষ্ঠিত হতে পারে। সেক্ষেত্রে সেটি আইপিএলের সঙ্গে সংঘর্ষিক হয়ে পড়বে। যা বড় লজিস্টিক্যাল চ্যালেঞ্জ হয়ে দাঁড়াবে।

শেষ পর্যন্ত হয়তো বাধ্য হয়ে দেশেরই কোনো অঙ্গরাজ্যকে নিরাপদ মনে করে আইপিএলের ১৮তম আসর শেষ করতে হবে বিসিসিআইকে।

ভারতীয়-ক্রিকেট পাকিস্তান-ক্রিকেট টি-টোয়েন্টি-ক্রিকেট আইপিএল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:14

URL: <https://www.timestodaybd.com/public/sports/7758072207>